# ফ্লুজল
## ফ্লুকোনাজল

**উপস্থাপন ঃ**

**ফ্লুজল-৫০ ঃ** প্রতি ট্যাবলেট এ আছে ফ্লুকোনাজল আইএনএন ৫০ মিগ্রা
**ফ্লুজল-১৫০ ঃ** প্রতি ট্যাবলেট এ আছে ফ্লুকোনাজল আইএনএন ১৫০ মিগ্রা

**বিবরণ ঃ**

**ফ্লুজল** (ফ্লুকোনাজল) একটি ট্রায়াজোল জাতীয় ছত্রাক বিরোধী ঔষধ। যা ছত্রাক কোষাবরণীর আরগোষ্টেরল সংশ্লেষণে বাধা প্রদান করে। ইহা একটি বিস্তৃত বর্ণালীর ছত্রাকের বিরুদ্ধে কার্যকর। মুখে খাওয়ার পর ইহা দ্রুত পরিশোধিত হয়। খাদ্যের সাথে গ্রহণে ইহার কার্যকারীতার তেমন কোন পরিবর্তন হয় না। মুখে সেবনের ১-২ ঘন্টার মধ্যে সর্বোচ্চ প্লাজমা ঘনত্ব পাওয়া যায়। প্লাজমা হাফ লাইফ প্রায় ৩০ ঘন্টা এবং এলিমিনেশন হাফ লাইফ ২০-৫০ ঘন্টা ইহা শরীরে ব্যাপক ভাবে বিস্তৃত হয়। ৮০% এর বেশী মুত্রের সাথে অপরিবর্তিত অবস্থায় নিঃসরিত হয় এবং বাকী অংশ মেটাবোলাইট হিসাবে নিঃসরিত হয়।

**নির্দেশনা ঃ**

**ফ্লুজল** (ফ্লুকোনাজল) নিম্নে বর্ণিত রোগে নির্দেশিত -
১. ভেজাইনাল ক্যানডিডিয়াসিস-(তীব্র অথবা পুনরাক্রম জনিত)
২. মিউকোজাল ক্যানডিডিয়াসিস - (যেমন ওরোফেরিনজিয়াল ইসোফেগাইটিস, ক্যানডিডুরিয়া), সিসটেমিক ক্যানডিডিয়াসিস এবং ক্রিপটোকক্কাল সংক্রমণে (মেনিনজাইটিস্‌সহ) ব্যবহৃত হয়।
৩. টিনিয়া পেডিস/টিনিয়া ক্রুরিস/টিনিয়া কর্পোরিস এবং অন্যান্য সংক্রমণে।

**মাত্রা ও প্রয়োগ বিধি ঃ**

ভেজাইনাল ক্যানডিডিয়াসিস -১৫০ মিগ্রা একক মাত্রা
মিউকোজাল ক্যানডিডিয়াসিস - দৈনিক ৫০ মিগ্রা হিসাবে (জটিল সংক্রমণে দৈনিক ১০০ মিগ্রা)
(ভেজাইনাল ব্যতীত)
ওরোফেরিনজিয়াল ক্যানডিডিয়াসিস এ ৭ থেকে ১৪ দিন। ইসোফেগাইটিস এবং ক্যানডিডুরিয়াতে ১৪ থেকে ৩০ দিন।
সিসটেমিক ক্যানডিডিয়াসিস এবং ক্রিপটোকক্কাল সংক্রমণে প্রথমতঃ ৪০০ মিগ্রা এবং পরে ২০০ মিগ্রা দৈনিক প্রয়োজনে মাত্রা বাড়িয়ে দৈনিক ৪০০ মিগ্রা হিসাবে দেয়া যেতে পারে। ঔষধের প্রতিক্রিয়ার উপর চিকিৎসা চালিয়ে যাওয়া নির্ভর করে।
টিনিয়া পেডিস/টিনিয়া কর্পোরিস/টিনিয়া ক্রুরিস-নির্দেশিত মাত্রা ১৫০ মিগ্রা সপ্তাহে একবার ৪-৬ সপ্তাহ। টিনিয়া ভারসিকুলার এর ক্ষেত্রে ৪০০ মিগ্রা দৈনিক একবার ৫ দিন।
ওনিকোমাইকোসিস - ১৫০ মিগ্রা সপ্তাহে একবার ১২ মাস পর্যন্ত।
কিউটেনিয়াস ক্যানডিডিয়াসিস- ১৫০ মিগ্রা প্রতি সপ্তাহে ৪ সপ্তাহ।

**অনুপযোগীতা ঃ**

ফ্লুকোনাজল এর প্রতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে।

**গর্ভাবস্থায় ও স্তনদানকারী মায়েদের ক্ষেত্রে ঃ** ফ্লুকোনাজল গর্ভাবস্থায় এবং স্তনদানকারী মায়েদের ক্ষেত্রে ব্যবহার নিষিদ্ধ।

**শিশুদের ক্ষেত্রে ঃ**

ফ্লুকোনাজল ১ বৎসরের নীচে শিশুদের ক্ষেত্রে ব্যবহার নির্দেশিত নহে।

**সতর্কতা ঃ**

বৃক্কের অক্ষমতায় এবং লিভারে এনজাইমের বৃদ্ধিতে সাবধানতা এবং মাত্রা নির্দ্ধারণ করা প্রয়োজন।

**পার্শ্ব প্রতিক্রিয়া ঃ**

ফ্লুকোনাজল সাধারণতঃ সহনশীল কোন কোন ক্ষেত্রে বমি বমি ভাব, পাকস্থলীর অস্বাচ্ছন্দতা, উদারাময় দেখা দিতে পারে।

**মাত্রাতিরিক্ত ঃ**

মাত্রাতিরিক্ত ঔষধ সেবনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সিমটোমেটিক চিকিৎসা এবং প্রয়োজন বোধে গ্যাষ্ট্রিক লেভেজ দিতে হবে।

**ফার্মাসিউটিক্যাল সাবধানতা ঃ**

শুষ্ক এবং ঠাণ্ডা স্থানে ৩০° সেঃ মিঃ নীচে সংরক্ষণ করা উচিৎ।

**সরবরাহ ঃ**

**ফ্লুজল-৫০ ঃ** প্রতি বাক্সে আছে ৩ X ১০ টির ব্লিস্টার স্ট্রিপ।
**ফ্লুজল-১৫০ ঃ** প্রতি বাক্সে আছে ২ X ১০ টির ব্লিস্টার স্ট্রিপ।

*প্রস্তুতকারকঃ*

**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড**
নোয়াখালী, বাংলাদেশ

# FLUZOLE
## Fluconazole

**PRESENTATION :**

**Fluzole-50 :** Each tablet contains 50 mg. Fluconazole INN.
**Fluzole-150 :** Each tablet contains 150 mg. Fluconazole INN.

**DESCRIPTION :**

**Fluzole** (Fluconazole) is a triazole antifungal drug which is highly selective inhibitor of the Fungal cell membrane. Fluzole (Fluconazole) acts by inhibiting the synthesis of ergosterol, a major component of the cell membrane of yeast and fungi. It is broad spectrum and well absorbed following oral administration and not affected by food. Its plasma half life is about 30 hours and elemination half life is about 20-50 hours. Peak plasma concentrations of the drug generally are attained within 1-2 hours after oral administration. It is widely distributed into body tissues and fluids. 80% or more of fluconazole is excreted in the urine, about 11% is excreted as metabolities.

**INDICATIONS :**

**Fluzole** (Fluconazole) is indicated for :
1. Vaginal candidiasis (Acute or recurrent).
2. Mucosal candidiasis - These include - oropharyngeal, esophageal non-invasive broncho pulmonary infections, candiduria, mucocutaneous and chronic oral atrophic candidiasis (denture sore mouth).
3. Tinea pedis, tinea corporis, tinea cruris, tinea versicolor and dermal candida infections.
4. Cryptococcal infections (including meningitis).

**DOSAGE AND ADMINISTRATION :**

Vaginal candidiasis : A single dose of 150 mg.
Mucosal Candidiasis : In usual cases the recommended dose is 50 mg daily given for 14 to 30 days but in difficult cases the dose may be increased upto 100 mg daily.
Systemic candidiasis and cryptococcal infections (including meningitis): 400 mg initially then 200 mg daily. If necessary upto 400 mg daily may be administered. Treatments continued according to response.
Tinea pedis, tinea corporis, tinea cruris : Recommended dose is 150 mg. /week for 4-6 weeks; for tinea versicolor, 400 mg single dose for 5 days.
Onychomycosis : 150 mg/week for 12 months.
Cutaneous Candidiasis : 150 mg/week for 4 weeks.

**CONTRA-INDICATIONS :**

Fluconazole is contraindicated in patients hypersensitive to this drug.

**USE IN PREGNANCY & LACTATION:**

Fluconazole should not be used in pregnancy. It is also contraindicated to lactating mothers.

**USE IN CHILDREN :**

Fluconazole treatment in children below 1 year of age is not recommended.

**PRECAUTION :**

Patients with renal impairment the dose should be reduced and to be adjusted in accordance with the degree of renal impairment.

**SIDE EFFECTS :**

Fluzole (Fluconazole) is generally well tolerated.
The Commonest side effects are nausea, abdominal discomfort, diarrhoea may occur which is very rare, mild and transient.

**OVER DOSE :**

In the case of over dose supportive measures and symptomatic treatment with gastric lavage if necessary, may be adequte.

**PHARMACEUTICAL PRECAUTIONS :**

Store in a cool dry place (below $30^0$C)

**SUPPLY :**

**Fluzole-50 :** Carton of 3 x 10's tablets in blister strip.
**Fluzole-150 :** Carton of 2 x 10's tablets in blister strip.

*Manufactured by:*

**Globe Pharmaceuticals Ltd.**
Noakhali, Bangladesh.